

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫০৬

আগরতলা, ২৪ জুন, ২০২৪

মনুভ্যালি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে স্বাস্থ্য শিবির

উনকোটি জেলার মনুভ্যালি আয়ুষ্মান আরোগ্য মন্দিরের অন্তর্গত মনুভ্যালি ১৪নং টিলা অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সম্প্রতি স্বাস্থ্য শিবির ও নিয়মিত টিকাকরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। শিবিরে ৩১ জন এলাকাবাসী চিকিৎসা পরিষেবার সুযোগ গ্রহণ করেন। তাদের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়েছে। তাছাড়াও ৬ জনের ব্লাড স্লাইড সংগ্রহ ও আরডি কিটে রক্ত পরীক্ষা করা হয়েছে। নিয়মিত টিকাকরণ কর্মসূচিতে ৬ জন শিশু ও ২ জন গর্ভবতী মায়ের টিকাকরণ করা হয়। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*